5000Rs.

INDIA NON JUDICIAL

५000रू. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



৪৮,০০০.০০ ,আটচল্লিশ হাজার টাকা পণে স্থাবর

স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা

******************************

ক্রেতা :: শ্রী গোপী নাথ সাউ, পিতা শ্রী রামনন্দন সাউ, ভারতীয় নাগরিক, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং ৪।ই, মারাঠা ডিচ লেন, থানা- শ্যামপুকুর, কলিকাতা- ৪ ।

বিক্রেতা :: শ্রী বিশ্বজিত নাথ, পিতা স্বর্গীয় ব্রজেন্দ্র লাল নাথ, ভারতীয় নাগরিক, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাং হাতিয়াড়া, বিল বাগান, থানা - রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগণা, কলকাতা- ৭০০ ০৫১ ।

উপরোক্ত বিক্রেতার পক্ষে গত ইংরাজী ১৫.০১.২০০৩ তারিখে বিধান নগর এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিসের IV নং বহির

২য় পৃষ্ঠায় .....

3597
Sri Gopi Nath Shaw
4/E, Maratha Ditch Lane
Kol-4

Calcutta Collectorate.
Treasury
date 1/3/2005

Presented for registration at the Bidhannagar (Salt Lake City) Addl. District Sub-Registry Office on the 11th day of March 2005 by Meghnad Nath

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

11 MAR 2005

| | |
|---|---|
| 1 — | 5000/- |
| 1 — | 400/- |
| 4 — | 50/- |
| 1 — | |
| | 5450/- |

Meghnad

3382

Meghnad as constituted attorney of Biswajit Nath

Meghnad Nath
S/o Late Gopal Ch. Nath
of Hatiara Jhil Bagan P.S. Rajarhat
Dist. 24 Parganas (North)
Business

As constituted attorney of Biswajit Nath respectively

Jhantu Nath
S/o Laxmi Kanta Nath
Hatiara Jhil Bagan

Jhantu Nath.
S/o Laxmi Kanta Nath.
Hatiara (Jhil Bagan)

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

11 MAR 2005

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.　　Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये　ONE HUNDRED RUPEES

পশ্চিমবঙ্গ　पश्चिम बंगाल　WEST BENGAL　　　00AA 097040

-:: ২ ::-

১ নং ভল্যুমের ৭৮ হইতে ৮৩ পাতায় নকলকৃত ১১ নং রেজিষ্ট্রীকৃত জেনারেল পাওয়ার অফ্ এ্যাটর্ণী বা আমমোক্তারনামা দলিলে নিযুক্তিয় এ্যাটর্ণী বা আমমোক্তার শ্রী মেঘনাদ নাথ পিতা স্বর্গীয় গোপাল চন্দ্র নাথ, ভারতীয় নাগরিক, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাং হাতিয়াড়া বিল বাগান, থানা- রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগণা, কলকাতা- ৭০০ ০৫৯ ।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় ১৩'- ০" ফুট চওড়া কমন প্যাসেজের অর্দ্ধাংশের জমি সহ স্থানীয় মাপে কমবেশী ১ এক কাঠা ১৩ তের ছটাক জমি যায় সর্ব্ব প্রকার বর্ত্ম স্বত্ব আকর আওনাতাদি ও কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট রাইট সমেত সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে -

৩য় পৃষ্ঠায় .....

43597
Sri Gopi Nath Show
4/E, Maratha Ditch Lane
Kol-4

Calcutta Collectorate,
Treasury,
1/3/2005

1 — 5000/-
4 — 400/-
1 — 50/-

5450/-

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

01 MAR 2005

100Rs.

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 00AA 097041



জেলা উত্তর ২৪ পরগণা, থানা- রাজারহাট, এ্যাডিসনাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস বিধান নগর ও জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন সামিল কলকাতা পরগণাস্থিত মৌজা ঘুনী গ্রামে ১৭৮ নং তৌজি ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটর বাহাদুর অধিকারে রায়ত মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি.এস) ৩১৫ নং খতিয়ান ভুক্ত সাবেক (সি.এস) ২৫১৭ নং দাগে শালী ২ একর ১৮ শতক জমি যাহা আমি অত্র দলিলের বিক্রেতা আমার বায়া থানা- রাজারহাটের অধিন অর্জুনপুর সাকিনের স্বর্গীয় তারক নাথ চক্রবর্ত্তী মহাশয়ের পুত্র শ্রী শচীন্দ্র নাথ চক্রবর্ত্তী মহাশয় গত ইংরাজী ১৮.১২.১৯৫৩ তারিখে কাশীপুর দমদম সাব-রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৮৮ নং ভলুমের ১২৭ হইতে ১২৮ নং পাতায় নকলকৃত ৭০৮৫ নং রেজিষ্ট্রীকৃত মৌরশী

৪র্থ পৃষ্ঠায় .....

43597
Sri Gopi Nath Shaw
4/E, Maratha Ditch Lane
Kol-4.

Calcutta Collectorate,
Treasury,
1/3/2005

1 — 5000/-
4 — 400/-
1 — 50/-
5450/-

Addl District Sub-Registrar
Sealdah (Salt Lake City)

1 MAR 2005

100 Rs.

INDIA NON JUDICIAL

२००रु.　　Rs 100

भारत

एक सौ रुपये　ONE HUNDRED RUPEES

পশ্চিমবঙ্গ　पश्चिम बंगाल　WEST BENGAL　　　　00AA 097042



মোকররী পাট্টা দলিল মূলে তৎকালীন জমিদার ঘুনী নিবাসী হাজি মহম্মদ বাদশা আলী সাহেবের নিকট হইতে উপযুক্ত সেলামী প্রদানে এবং বার্ষিক ১৪॥৵. চৌদ্দ টাকা দশ আনা জমা ধার্য্যে চিরস্থায়ী বন্দোবস্ত লইয়া নিজ খাসে মালিকের করাদি আদায়ে ভোগ দখল করিতে থাকাবস্থায় রিভিসন্যাল সেটেলমেন্ট রেকর্ড আরম্ভ হইলে উক্ত সেটেলমেন্টে উপরোক্ত সম্পত্তি হাল (আর.এস) ১০০ নং খতিয়ান উল্লেখে হাল (আর.এস) ২৮০১ নং দাগে শালী ২ একর ১১ শতক জমি বার্ষিক ১৪॥৵. আনা জমা ধার্য্যে ৪ নং বিধি মতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বে উক্ত শ্রী শচীন্দ্র নাথ চক্রবর্ত্তী মহাশয় তাঁহার নিজ নাম বরাবর চূড়ান্তভাবে ষোল আনা রকম রেকর্ড লিপিবদ্ধ করাইয়া লইয়া মালিক সরকারে ধার্য্যকৃত খাজনাদি আদায়ে নিজ খাসে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে চাষবাদ আদির দ্বারা ভোগ দখল করিয়া আসিতে থাকাবস্থায় তিনি তাঁহার বন্দোবস্তীয় এবং রিভিসন্যাল সেটেলমেন্টে নিজ নামে রেকর্ডীয় উক্ত সাবেক (সি.এস) ২৫১৭ হাল (আর.এস) ২৮০১ নং দাগে -

৫ম পৃষ্ঠায় .....

Sl. No. 43597
Sold to Sri Gopi Nath Shaw
of 4/E, Maratha Ditch Lane
Kol-4

Calcutta Collectorate,
Treasury,
Date 1/3/2005

Vendor

1 — 5000/-
4 — 400/-
1 — 50/-
5450/-

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

01 MAR 2005

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.  Rs 100

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL  00AA 097043



শালী ২ একর ১২ শতক জমির মধ্যে অর্দ্ধাংশে কমবেশী ১ একর ০১ শতক জমি যাহা আমি অত্র দলিলের বিক্রেতা শ্রী বিশ্বজিত নাথ আমার নিকট গত ইংরাজী ১২.০৮.১৯৮০ তারিখে কাশীপুর দমদম সাব-রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১১৭ নং ভল্যুমের ২১৪ হইতে ২১৫ পাতায় নকলকৃত ৬৪৬৭ নং রেজিষ্ট্রীকৃত একক্তে সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রী শচীন্দ্র নাথ চক্রবর্ত্তী মহাশয় বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে আমাকে সম্পূর্ণ রূপে খাস দখল দেন। খরিদ সূত্রে আমি উক্ত ১ একর ০১ শতক জমির মালিক দখলাকার নিযুক্ত হইয়া আপোষ চিহ্নিত মতে নিজ খাস দখলে লইয়া ভোগ দখল করিতে থাকাবস্থায় বর্ত্তমান এল.আর. সেটেলমেন্ট রেকর্ড আরম্ভ হইলে উক্ত সেটেলমেন্টে আমার খরিদা উক্ত সম্পত্তি আমার নাম বরাবর ১২৯১ নং খতিয়ান উল্লেখে ২৮০১ নং দাগে যথাযথ রেকর্ড লিপিবদ্ধ করাইয়া লইয়া মালিক সরকারে ও স্থানীয় পঞ্চায়েতে

৬ষ্ঠ পৃষ্ঠায় ......

No. 43597
Sold to Sri Gopi Nath Show
of 4/E, Marath Bitch Lane
Kol-4

Calcutta Collectorate,
Treasury,
Date 1/3/2005

1 — 5000/-
4 — 400/-
1 — 50/-
5450/-

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

11 MAR 2005

50 Rs.

पचास रुपये

भारत INDIA

FIFTY RUPEES

৫০ রু. 50 Rs.

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 00AA 127885

-:: ৬ ::-

আমার নিজ নাম পত্তন করতঃ ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে নিজ খাসে চাষবাদ আদির দ্বারা অন্যের নিরাংশে নির্ব্বিবাদে এযাবৎকাল দখল ভোগ করিয়া আসিতেছি, যাহা দান বিক্রয় হস্তান্তরাদি করিবার আমার উত্তম স্বত্ব বর্ত্তমান আছে ।

এক্ষনে আমার নানা বিধ বৈধ কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খরিদা উপরিপরিচিত সম্পত্তির মধ্যে নিম্ন তপশীলে বর্ণিত ও অত্র সহ দাখিলী নক্সায় লাল রঙে সীমাবৃত চিহ্নিত ১০'-০" ফুট চওড়া কমন প্যাসেজের অর্দ্ধাংশের জমি সহ স্থানীয় মাপে কমবেশী ১ এক কাঠা ১৩ তের ছটাক জমি মায় সর্ব্ব প্রকার বর্ত্ত্য স্বত্ব আকর আওনাতাদি ও নক্সায় প্রদর্শিত ১০'-০" দশ ফুট চওড়া কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট রাইট সমেত বর্ত্তমান বাজার উচিৎ মূল্য ৪৮,০০০.০০ আটচল্লিশ হাজার টাকা পণে বিক্রয়ের ঘোষনা দিলে আপনি ক্রেতা উক্ত ঘোষনা জ্ঞাত হইয়া উক্ত সম্পত্তি উক্ত টাকায় আমার নিকট খরিদের প্রস্তাব করায় আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া আপনার নিকট হইতে উক্ত টাকা নিম্ন জমা মত নগদ গ্রহণ করিয়া তপশীলে বর্ণিত সম্পত্তি অত্র সাফ কোবালায়

৭ম পৃষ্ঠায় .....

[illegible] 43597

Sold to Sri Gopi Nath Show

of 4/E, Maratha Ditch Lane

Kol-4

Calcutta Collectorate,

Treasury,

Date 1/3/2005

1 — 5000/-
4 — 400/-
1 — 50/-

5450/-

Addl. District Sub-Registrar,
Bidhannagar (Salt Lake City)

1 MAR 2005

আপনার নিকট বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে একবারিন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া আমার স্থলে আপনাকে সম্পূর্ণরূপে খাস দখল দিলাম ।

আপনি অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান, ভোগবান, দখলীকার ও দান বিক্রয় হস্তান্তরাদির যাবতীয় স্বত্বের অধিকারী হইয়া মালিক সরকারে ও স্থানীয় পঞ্চায়েতে আপনার নিজ নাম জারী পূর্ব্বক ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে দাখিলা ও রসিদাদি গ্রহণে পুত্র পৌত্রাদি ওয়ারিশান গণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে দখল ভোগ করিতে থাকুন । কস্মিন কালেও বিক্রীত উক্ত সম্পত্তির উপর আমি পুত্র পৌত্রাদি ওয়ারিশান গণক্রমে কেহ কোন প্রকার দাবী দাওয়া ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও অগ্রাহ্য হইবে ।

বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংক্রান্ত, নজ দাবী দাওয়া হক হকিয়ৎ ইত্যাদি ছিল বা আছে তৎ সমস্তই অদ্য এই দলিল বলে আমা হইতে রদ রহিত ও লোপ পাইয়া উহা সম্পূর্ণরূপে আপনাতে বর্ত্তিল ।

বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কোথায়ও কোন প্রকার হস্তান্তর বা দায় সংযোগাদি করি নাই, স্বত্ব দখলের দোষ বা ত্রুটি নাই, সরিক নাই, বিক্রয় চুক্তিতে অন্য কাহারও সহিত বায়না করি নাই বা করা নাই বেনাম করা নাই, কাহাকেও বিলি বন্দোবস্ত দিই নাই, সরকার বাহাদুর বা কোন জনহীতকর প্রতিষ্ঠান কর্ত্তৃক গৃহীত হয় নাই বা ঐ মর্ম্মে কোন নোটিশ পাই নাই বা আমার কোন দেনার দায়ে আদালত কর্ত্তৃক ক্রোক নীলাম হয় নাই বা উহা কোন প্রকার মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে, উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে ।

যদি ভবিষ্যতে কোন প্রকার মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পায় প্রচলিত আইন আমলে আসিব ও সমূহ ক্ষতি পূরণ করিতে আমি দায় ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম ।

৮ম পৃষ্ঠায় .....

-:: ৮ ::-

অত্র দলিলে ভুল প্রকাশ পাইলে ক্রেতার ব্যয়ে যে কোন প্রকার সংশোধন দলিল করিয়া দিতেও আমি মায় ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম ।

প্রকাশ রহিল বর্তমান রাজ্য সরকার নির্দেশিত জমির মার্কেট ভ্যালু অনুযায়ী অত্র দলিলে পূর্ণ মূল্যের ষ্ট্যাম্প ডিউটি দেওয়া রহিল ।

এতদর্থে দলিলের মর্ম্ম সমস্ত পাঠ করিয়া ও পাঠ করাইয়া শুনিয়া অবগত হইয়া পণের নিখিত ৪৮,০০০.০০ আটচল্লিশ হাজার টাকা নিম্ন জায় মত নগদ গ্রহণ করিয়া স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে এই সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম । ইতি সন বাংলা ১৪১১ সালের - ২৭ শে- ফাল্গুন, ইং- ১১/০৩/২০০৫ সাল ।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা, থানা- রাজারহাট, এ্যাডিসনাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস বিধান নগর ও জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন সাবিন কলকাতা পরগণাস্থিত মৌজা ঘুনী গ্রামে জে.এল. নং ২৩, রেঃ সাঃ নং ২০২, তৌজি ১৭৮ নং ভুক্ত- হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি.এস) ৩১৫ হাল (আর.এস) ১০০ নং খতিয়ান ভুক্ত ২ একর ১১ শতক জমি বার্ষিক ১৪॥৵ আনা জমার অন্তর্গত যাহার বর্তমান এল.আর. খতিয়ান ১২১১ নং হইতেছে ।

দাগ সাবেক (সি.এস) ২৫১৭ হাল (আর.এস) ২৮০১ আটাশ শত এক দাগ ভুক্ত- শালী ২ একর ১১ শতক জমির মধ্যে আমার খরিদা খাস দখলী অর্দ্ধাংশে আপোষ চিহ্নিত ১ একর ০১ শতক, উহার মধ্যে অত্র সহ দাখিলী নক্সায় লাল রঙে সীমাকৃত চিহ্নিত ১৫-০" ফুট চওড়া কমন প্যাসেজের অর্দ্ধাংশের জমি সহ স্থানীয় মাপে কমবেশী ১ এক কাঠা ১৩ তের ছটাক জমি মায় সর্ব্ব প্রকার বর্ত্ত স্বত্ব আকর আওনাতাদি ও নক্সায় প্রদর্শিত

৯ম পৃষ্ঠায় ......

...RE OF THE
...SENTANT/
...TANT/SELLER/
...YER/CAIMENT
WITH PHOTO

## UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS



| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :-



| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :-

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :-

Read & understood by
Certified that attorney
Biswajit Nag



১০'-০" দশ ফুট চওড়া কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট রাইট সমেত বার্ষিক হারাহারী মতে ৪০ পয়সা জমা অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে ।

অত্র সহ দাখিলী নক্সা দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

যাহার চৌহদ্দী -

উত্তরে :: আর.এস. ২৮০১ নং দাগের অংশ ।

দক্ষিণে :: আর.এস. ২৮০১ নং দাগের অংশ ।

পূর্ব্বে :: ৫' + ৫' = ১০'-০" দশ ফুট চওড়া কমন প্যাসেজ ।

পশ্চিমে: আর.এস. ২৮০১ নং দাগের জমি ।

টাকার জায় -

১০০ টাকা হিসাবে ৪৮০ কেতায় ৪৮,০০০.০০ আটচল্লিশ হাজার টাকা মাত্র ।

Mephhd Nag

ইসাদী -

1 Jhanki Nath
Hatiara (Jhill Bagan)

2. Sankar Saha
Hatiara Shilbagan
Kol-59

মুসাবিদাকারক :-
শ্রীঅশোক কুমার ঘোষ
(শ্রী অশোক কুমার ঘোষ)
সাং শুলুংগুড়ী,
লাইসেন্স নং ডি ডব্লু XVI- ২১ ।


টাইপকারক : :-
তপন কুমার মণ্ডল
বাগুইআটি মার্কেট কমপ্লেক্স,
কলকাতা- ৫১ ।

Addl. District Sub-Registrar,
Bidhannagar (Salt Lake City)

11 MAR 2005

Addl. District Sub-Registrar,
Bidhannagar (Salt Lake City)

12-05-05



NORTH 24 PARGANAS
900
N
PART OF R. S
45'-0"
26'-0"
PASSAGE
COMMON